গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়
গোলাপগঞ্জ, সিলেট।

উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন স্থায়ী কমিটির ০৭/০২/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্য্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব নাজিরা বেগম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, গোলাপগঞ্জ, সিলেট।
সভার স্থান ঃ মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ ঃ ০৭/০২/২০২২ ইং
সভার সময় ঃ দুপুর ১২.০০ ঘটিকা।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম ও স্বাক্ষর পরিশিষ্ট (ক দ্রষ্টব্য)

সভাপতি অদ্যকার সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন স্থায়ী কমিটির অদ্যকার সভার আলোচ্যসূচী সম্পর্কে বিস্তারিত আলোচনা করার জন্য কমিটির সদস্য সচিবকে আহবান জানান। কমিটির সদস্য সচিব মোঃ আলী আক্তারুল হক চৌধুরী, ফরেষ্টার, গোলাপগঞ্জ, সিলেট জানান যে, প্রতি বছরের মতো বৃক্ষ রোপনে মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় পুরস্কার-২০২১ প্রদানে জন্য ৭টি ক্যাটাগরীতে দরখাস্ত আহবান করা হয়েছে। (ক) শিক্ষা প্রতিষ্ঠান (খ) ইউনিয়ন/উপজেলা/জেলা পরিষদ (গ) ব্যক্তিগত পর্যায় (ঘ) ব্যক্তি মালিকানাধীন নার্সারী (ঙ) বাড়ীর ছাদে বাগান (চ) বন বিভাগের বাগান এবং (ছ) বৃক্ষ গবেষণা/সংরক্ষণ/উদ্ভাবন। প্রতিষ্ঠান প্রধানগণ নিজ প্রতিষ্ঠান কর্তৃক রোপিত গাছ বাগানের আবেদন করতে পারবেন। তাই এতদ বিষয়ে উৎসাহিত ও উদ্বুদ্ধ করণে সভায় সবাইকে সহযোগিতার জন্য অনুরোধ জানিয়ে বিষয়টি সভায় উপস্থাপন করেন।
সভায় কমিটির সদস্য চেয়ারম্যান, ৭নং লক্ষনাবন্দ ইউনিয়ন পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট জানতে চান যে, বৃক্ষ রোপনে মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় পুরস্কার কয়টি শ্রেণীতে প্রদান করা হবে। ইহার পরিপ্রেক্ষিতে সদস্য সচিব পুরস্কার প্রদান সংক্রান্ত বিধিমালা/২০২১ পড়ে শোনান। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত ঃ**

১। বৃক্ষ রোপনে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার/২০২১ প্রদানের বিষয়ে দরখাস্ত প্রাপ্তিতে স্থানীয় চেয়ারম্যানদের সহযোগিতায় বন বিভাগ কর্তৃক ব্যাপক প্রচার ও উৎসাহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মহিলা ভাইস চেয়ারম্যান
গোলাপগঞ্জ, সিলেট
ও
সভাপতি
উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন স্থায়ী কমিটি
গোলাপগঞ্জ, সিলেট।

পত্র নং- ০৪ গোলাপ- ২৮ তারিখ ঃ 07-02-2022

সদয় অবহিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল ঃ
১। উপজেলা চেয়ারম্যান, গোলাপগঞ্জ, সিলেট।
২। উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
৩। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, গোলাপগঞ্জ ও সভাপতি, উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন স্থায়ী কমিটি।
৪। চেয়ারম্যান ------------ ইউ/পি ও সদস্য, উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন স্থায়ী কমিটি।
৫। .................... সদস্য, উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন স্থায়ী কমিটি।
৬। রেঞ্জ কর্মকর্তা, টাউন রেঞ্জ, সিলেট বন বিভাগ।

০৭/০২/২২
(মোঃ আলী আক্তারুল হক চৌধুরী)
ফরেষ্টার
ও
সদস্য সচিব
উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন স্থায়ী কমিটি